গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ ও বন মন্ত্রণালয়
শাখা-৩

১৮ APR 2006

নং-পবম(শা-৩)৩১/২০০৪/৬৬৫ তারিখ ঃ ১৬/০৪/২০০৬।

প্রজ্ঞাপন

The Forest Act 1927 (XVI of 1927) এর Section 20 মূলে বিগত ১৮ মে ১৯৫৭ তারিখের Notification No.595 For মূলে ঘোষিত নিম্ন তফশীলভুক্ত ৬৭৮.৮০ হেক্টর (১৬৭৬.৭৩ একর) খাদিমনগর সংরক্ষিত বনকে The Bangladesh Wildlife (Preservation) (Amendment) Act, 1974(President's Order 23 of 1973) এর Article 23(3) এ প্রদত্ত ক্ষমতা বলে সরকার National Park ঘোষণা করলেন ঃ

তফসিল

জেলা সিলেট, উপজেলা সদর এর নর্থ সিলেট-১ রেঞ্জ (সিলেট রেঞ্জ) এর খাদিমনগর বিটের আওতাধীন নিম্নবর্ণিত চতুর্সীমা এবং বিয়ারিংভূক্ত আনুমানিক ১৬৭৬.৭৩ একর (৬৭৮.৮০ হেক্টর) সংরক্ষিত বনভূমি (খাদিমনগর ন্যাশনাল পার্ক)।

চতুর্সীমা

উত্তর ঃ মাধুরাছড়ার পূর্ব প্রান্তের সহিত কনসলিডেটেড টি এন্ড ল্যান্ড কোং লিমিটেড এর অন্তর্গত কালাগুল চা-বাগানের দক্ষিণ সীমানা যেখানে মিলিত হয়েছে সেখান হতে সীমানা পূর্বাভিমুখী, দক্ষিণ পূর্বাভিমুখী এবং উত্তর পূর্বাভিমুখী চিহ্নিত হয়ে ঐ কালাগুল চা-বাগানের দক্ষিণ সীমানা হয়ে অর্থাৎ লালীছড়া মৌজার ৩৪নং সিটের ৫০৬,৪৯৭,৪৯৬ ও ৫৪২ নং দাগসমূহের দক্ষিণ সীমানা দিয়ে উক্ত মৌজার ৪৯৯নং দাগের দক্ষিণ পূর্ব কোণে মিলিত হয়েছে। তথা হতে উত্তরাভিমুখী এবং উত্তর পূর্বাভিমুখী উপরোক্ত কোম্পানীর কালাগুল ও বড়জান চা-বাগানের সীমানা দিয়ে অর্থাৎ উক্ত মৌজার ৪৯৯,৫০০,৫৪৩,১৪১,১৪০ এবং ১৩৯নং দাগ সমূহের সীমানা দিয়ে ১৩৮নং দাগে দক্ষিণ পশ্চিম কোণে পাকা পিলারে মিলিত হয়েছে। তথা হতে পূর্বাভিমুখী ও উত্তরাভিমুখী হয়ে ১৩৮ নং দাগের দক্ষিণ এবং পূর্ব সীমানা দিয়ে ঐ দাগের উত্তর পূর্ব কোণে মিলিত হয়েছে। তৎপর পূর্বাভিমুখে লালীছড়া মৌজার ২৭নং সিটের দক্ষিণ সীমানা দিয়ে উত্তর মৌজার ৫৮৫ দাগের উত্তর পশ্চিম কোণ পর্যন্ত গিয়েছে। তথা হতে উক্ত ৫৮৫ নং দাগের পশ্চিম, দক্ষিণ এবং পূর্ব সীমানা দিয়ে পুনরায় ২৭নং সিটের দক্ষিণ সীমানায় মিলিত হয়েছে। তথা হতে পূর্বাভিমুখী হয়ে মৌজা লালীছড়ার ২৭নং সিটের দক্ষিণ সীমানা দিয়ে ৫৮৬ নং দাগের উত্তর পশ্চিম কোণ পর্যন্ত গিয়াছে। তথা হতে সীমানা ৫৮৬ নং দাগের পশ্চিম দক্ষিণ এবং পূর্ব সীমানা দিয়ে এবং ৫৮৭ নং দাগের পশ্চিম দক্ষিণ এবং পূর্ব সীমানা দিয়ে উপরোক্ত কোম্পানীর গুলনী চা-বাগানের দক্ষিণ সীমানা মিলিত হয়েছে। তৎপর পূর্বাভিমুখী হয়ে উপরোক্ত কোম্পানীর গুলনী চা-বাগানের সীমানা দিয়ে অর্থাৎ মৌজা গুলনী চা-বাগিচার ১০৩,১০৪ ও ১০৬ দাগসমূহের দক্ষিণ সীমানা দিয়ে চাম্পাছড়া পর্যন্ত গিয়ে তথা হতে উত্তরাভিমুখে উক্ত ছড়া ধরিয়ে মৌজা বড়নগর চা-বাগিচার ৬১নং দাগের দক্ষিণ পূর্ব কোণে পৌছিয়ে উত্তর দিকে উক্ত ৬১ দাগের সীমা দিয়ে মৌজা বড়নগর চা-বাগিচার ৫৩ নং দাগের সীমানা পর্যন্ত গিয়েছে । তথা হতে উক্ত মৌজার ৫৩ ও ৪৮ নং দাগের দক্ষিণ ও পূর্ব সীমানা দিয়ে ৪৬ নং দাগের দক্ষিণ পশ্চিম কোণে পৌছিয়ে এ ৪৬ দাগের দক্ষিণ ও পূর্ব সীমানা দিয়ে এ দাগের উত্তর পূর্ব কোণে পৌছিয়েছে । অতঃপর পূর্ব দিকে মৌজা ফতেহপুর চা-বাগিচার ৭০ ও ৭১ নং দাগের দক্ষিণ সীমানা ধরিয়ে একটি ছড়ায় (পাম্পাছড়া) পৌছিয়েছে । তৎপর দক্ষিণ দিকে উক্ত ছড়া ধরিয়ে আকাবাঁকা পথে মৌজা ফতেপুর চা-বাগিচা ২য় খন্ডের ১৪০ নং দাগের দক্ষিণ পশ্চিম কোণে গিয়ে পূর্বদিকে উক্ত দাগের দক্ষিণ সীমানা বরাবর গিয়ে পাম্পা ছড়াতে পৌছিয়েছে। এখান হতে এ ছড়া ধরিয়ে দক্ষিণ দিকে মৌজা ফতেপুর চা-বাগিচার ১২০ নং দাগের দক্ষিণ পশ্চিম কোণে পৌছিয়ে পূর্বাভিমুখে উক্ত দাগের দক্ষিণ সীমানা দিয়ে ফতেপুর চা-বাগিচার ২য় খন্ডের ৩০৮ নং সিটের পূব সীমানা কানাইছড়া পর্যন্ত গিয়েছে।

পূর্ব ঃ শেষোক্ত স্থান হতে সীমানা দক্ষিণ পশ্চিমাভিমুখে ফতেপুর চা-বাগিচা ২য় খন্ডের ৩০৮ নং সিটের পূর্ব সীমানা দিয়ে চেড়াগাঙ্গ খাস মৌজার ২৯৬নং সিটের উত্তর সীমানায় মিলিত হয়েছে। তথা হতে সীমানা ঐ সিটের উত্তর সীমানা দিয়ে পশ্চিম দিকে এবং পশ্চিম সীমানা দিয়ে দক্ষিণ দিকে চেড়াগাঙ্গ ছড়া পর্যন্ত পৌছিয়েছে। তথা হতে চেরাগাঙ্গ মৌজার ২৪নং সিটের ৯নং মেয়াদী দাগের উত্তর পশ্চিম কোণে মিলিত হয়েছে। তৎপর দক্ষিণাভিমুখী, পূর্বাভিমুখী এবং উত্তরাভিমুখী হয়ে উক্ত ৯নং দাগের পশ্চিম, দক্ষিণ এবং পূর্ব সীমানা দিয়ে পুনরায় চেরাগাঙ্গ ছড়ায় মিলিত হয়েছে। তথা হতে উপরোক্ত ছড়া ভাটি দিয়ে ১.৩০ চেইন গিয়ে উক্ত ছড়ার দক্ষিণ পার্শ্বে এবং কনসলিডেটেড টি এন্ড ল্যান্ড কোম্পানী লিমিটেড এর চেরাগাঙ্গ চা-বাগানের অন্তর্গত ভূমির সীমানাতে অবস্থিত পাকা পিলার দ্বারা চিহ্নিত স্থানে পৌছিয়েছে।

দক্ষিণ ঃ শেষোক্ত স্থান হতে সীমানা কনসলিডেটেড টি এন্ড ল্যান্ড কোম্পানী লিমিটেড এর চেরাগাঙ্গ চা বাগানের উত্তর সীমানা দিয়ে অর্থাৎ চেরাগাঙ্গ মৌজার ২নং দাগের এবং লালীছড়া মৌজার ১৮৫নং দাগের (উভয় দাগই রিজার্ভ ফরেস্টের অন্তর্ভূক্ত), দক্ষিণ সীমানা দিয়ে লালীছড়া মৌজার ১৫০ দাগের দক্ষিণ পূর্ব কোণে মিলিত হয়েছে, তৎপর সীমানা নিম্নোক্ত বিয়ারিং ও চেইনে চিহ্নিত হয়ে কনসলিডেটেড টি এন্ড ল্যান্ড কোম্পানী লিমিটেডের খাদিমনগর চা-বাগানের অন্তর্ভূক্ত লালীছড়া ৪৭২ নং দাগের পশ্চিম সীমানায় মিলিত হয়েছে।

| বিয়ারিং | চেইন |
|---|---|
| ১১° ০´ | ২৮-২০ লিঙ্ক |
| ৩৪৫° ০´ | ১৫-২০ লিঙ্ক |
| ২৫৪° ৩০´ | ৪-০ লিঙ্ক |
| ২৪৯° ৩০´ | ৩-৪০ লিঙ্ক |
| ১৭৮° ০´ | ২২-০০ লিঙ্ক |
| ২৩১° ৩০´ | ৬১ ৪০ লিঙ্ক |
| ৩১৩° ৩০´ | ১১ ০০ লিঙ্ক |
| ৩২২° ৩০´ | ১১ ২০ লিঙ্ক |
| ২৮৬° ০´ | ৯ ৩০ লিঙ্ক |
| ২২৬° ০´ | ৪ ০০ লিঙ্ক |
| ১৬০° ০´ | ২৫.৪০ লিঙ্ক |

তৎপর সীমানা খাদিমনগর চা-বাগানের উত্তর সীমানা দিয়ে মৌজা লালীছড়ার অন্তর্ভূক্ত ৪৫৩ নং দাগের পূর্ব প্রান্তে মিলিত হয়েছে।

পশ্চিম ঃ শেষোক্ত স্থান হতে সীমানা উত্তরাভিমুখে মৌজা লালীছড়ার ৪৫৩ ও ৪৮৯ নং দাগসমূহের পূর্ব প্রান্ত দিয়ে আরম্ভ স্থল পর্যন্ত গিয়েছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(জাফর আহমেদ চৌধুরী)
সচিব

উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ সরকারী মুদ্রণালয়
তেজগাঁও, ঢাকা।
(পরবর্তী সংখ্যায় প্রকাশ করতঃ ৫০ (পঞ্চাশ)কপি প্রেরণের অনুরোধ করা হলো।)

নং-পবম(শা-৩)৩১/২০০৪/ ৩৬৫/১(৩১) তারিখ ঃ১৬/০৪/২০০৬।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ঃ

০১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর, বন ভবন, মহাখালী, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, সিলেট।
০৪। জেলা প্রশাসক, সিলেট/মৌলভীবাজার/হবিগঞ্জ/সুনামগঞ্জ।
০৫। বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট বন বিভাগ, সিলেট।

(নুর মোহাম্মদ মজুমদার)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৬৪৫৩৯

সদয় অবগতির জন্য ঃ

০১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, ঢাকা।
০২। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, ঢাকা।
০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, ঢাকা।